

## মাইক্রোসফটের পার্টনার এবং শিক্ষাকেন্দ্র হিসেবে অনুমোদন পেল নিউরাল

তথ্য-প্রযুক্তি শিক্ষা প্রতিষ্ঠান নিউরাল সিস্টেমস তথ্য-প্রযুক্তি বিশ্বের বিখ্যাত প্রতিষ্ঠান মাইক্রোসফট করপোরেশনের পার্টনার (এমএস পার্টনার) এবং মাইক্রোসফট প্রযুক্তি শিক্ষাকেন্দ্র (এমএস সিস্টেক) হিসেবে অনুমোদন লাভ করেছে। এ উপলক্ষে বৃহস্পতিবার ঢাকা রিপোর্টার্স ইউনিটি প্রেসরুমে আয়োজিত হয় এক বিশেষ উদ্বোধনী অনুষ্ঠান। নিউরালের ব্যবস্থাপনা পরিচালক সৈয়দ মাহমুদ জুবায়েরের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত

ছিলেন বাংলাদেশ কম্পিউটার সোসাইটির সভাপতি প্রফেসর ড. আর.আই শরীফ, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ অ্যাসোসিয়েশন ফর সফটওয়্যার অ্যান্ড ইনফরমেশন সার্ভিসেস (বেসিস)-এর সভাপতি হাবীবুল্লাহ এন করিম।

প্রধান অতিথি ড. আর.আই শরীফ অনুষ্ঠানে মাইক্রোসফট কর্তৃক নিউরালকে প্রদত্ত 'প্রযুক্তি শিক্ষা কেন্দ্র ফলক' ফিতা কেটে উন্মোচন করেন। তিনি বলেন, 'ঘরে বসে আন্তর্জাতিক মানের প্রযুক্তি শিক্ষা তথ্য-প্রযুক্তির ব্যাপক এবং অভাবনীয় উত্থানকেই মনে করিয়ে দেয়। আমাদের সময় প্রযুক্তি এবং সুযোগ দুইই ছিল সীমিত।'

বিশেষ অতিথি হাবীবুল্লাহ এন করিম 'মাইক্রোসফট-নিউরাল পার্টনার ফলক' উন্মোচন করেন। তিনি বলেন, প্রযুক্তিগত মেধা হতে পারে দরিদ্র মাতৃভূমিকে স্বনির্ভর করার আন্দোলনের হাতিয়ার।

সভাপতির ভাষণে সৈয়দ মাহমুদ জুবায়ের এমএস সিস্টেক এবং এমএস পার্টনারশিপ অর্জনকে নিউরাল তথা দেশের তথ্য-প্রযুক্তি শিক্ষার উত্তরোত্তর সাফল্য ও স্বীকৃতি বলে অভিহিত করেন।

অনুষ্ঠানে ম্যানেজার অপারেশন সিস্টেক-নিউরাল, নূর-ই-আলম স্বাগত বক্তব্য রাখেন। ধন্যবাদ জ্ঞাপন করে সমাপনী বক্তব্য রাখেন এবং অতিথিদের ক্রেস্ট দিয়ে সম্মানিত করেন ম্যানেজার সাপোর্ট, এমএস সিস্টেক-নিউরাল, বেলাল আহমেদ।

